

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
(প্রশাসন শাখা-২)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের এপিএ (APA) টিমের জুলাই/২০২০ মাসের সভার কার্যবিবরণী


সভাপতিঃ ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল
যুগ্মসচিব ও এপিএ (APA) টিম লিডার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সভার তারিখঃ ৩০/০৭/২০২০ সময়ঃ সকাল ১১-০০টা
সভার স্থানঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট ক

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় জানানো হয় যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও মন্ত্রণালয়ের সচিব মহোদয় এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের মধ্যে ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে। পাশাপাশি সচিব মহোদয়ের সাথে এ মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর/ সংস্থা প্রধানদের মধ্যেও ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/ সংস্থা যাতে করে নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন সূচক সমূহ বাস্তবায়ন করতে পারে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়;

- (১) মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রত্যেক সূচকের লক্ষ্য অর্জনের জন্য মন্ত্রণালয়ের সকল শাখাকে তৎপর হতে হবে। প্রয়োজনে শাখা প্রধান বছরের শুরু থেকে কম্পারিকল্পনা প্রনয়ন করবেন।
- (২) দপ্তর/ সংস্থার কার্যক্রমের সাথে এপিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহ জড়িত। কৌশলগত উদ্দেশ্যসমূহ যাতে নির্ধারিত সময়ে অর্জন করা যায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল দপ্তর/ সংস্থার প্রধানদের অনুরোধ জানানো হয়।
- (৩) প্রত্যেকটি সূচকের অর্জনের বিপরীতে যথাযথ প্রমাণক সংরক্ষণ এবং তা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।


ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল
যুগ্মসচিব ও এপিএ (APA) টিম লিডার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৩০/৭/২০২০